



## হরমুজ প্রণালিতে মার্কিন ট্যাংকারে হামলার দাবি আইআরজিসির



সংগৃহীত ছবি

উত্তর উপসাগরে একটি মার্কিন ট্যাংকারে হামলার দাবি করেছে ইরানের বিপ্লবী গার্ড বাহিনী আইআরজিসি। বৃহস্পতিবার (৫ মার্চ) সকালে এ হামলার ঘটনা ঘটেছে বলে জানানো হয়েছে। ইরানের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা তাসনিমের তথ্যের ভিত্তিতে বিষয়টি জানিয়েছে আন্তর্জাতিক গণমাধ্যম আল জাজিরা। আইআরজিসির বক্তব্য অনুযায়ী, যুক্তরাষ্ট্র, ইসরায়েল এবং তাদের মিত্র ইউরোপীয় দেশগুলোর সামরিক ও বাণিজ্যিক জাহাজকে হরমুজ প্রণালি দিয়ে চলাচল করতে দেওয়া হবে না। সংগঠনটি সতর্ক করে বলেছে, এ ধরনের জাহাজ ওই পথে দেখা গেলে তাদের লক্ষ্য করে হামলা চালানো হতে পারে। সংস্থাটি আরও দাবি করেছে, যুদ্ধাবস্থায় আন্তর্জাতিক আইন ও সংশ্লিষ্ট প্রস্তাবনার আলোকে হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল নিয়ন্ত্রণ করার অধিকার ইরানের রয়েছে। এ বিষয়ে আগেই সতর্কবার্তা দেওয়া হয়েছিল বলেও জানিয়েছে আইআরজিসি। এই ঘোষণার মাধ্যমে গুরুত্বপূর্ণ এই সমুদ্রপথ ঘিরে উত্তেজনা আরও বাড়তে পারে বলে মনে করছেন বিশ্লেষকরা।